তারিখ ... MAR 0 .. 2000 ...
পৃষ্ঠা ... ৭২ ... কলাম ৪ ...

দৈনিক ইত্তেফাক 64

# আসন্ন এসএসসি পরীক্ষায় ১ হাজার শিক্ষককে পরিদর্শক করার দাবী

**ময়মনসিংহ থেকে শামসুল আলম খান ঃ** ময়মনসিংহের শিক্ষক সমাজ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ১ হাজার শিক্ষক/শিক্ষিকাকে গত ৫ বছর পূর্বে বেআইনী ও অগণতান্ত্রিকভাবে নৈব্যক্তিক পরীক্ষায় উত্তরপত্রে পরীক্ষার্থীদের বৃত্ত ভরাটে বিপর্যয়ের ঘটনাকে কেন্দ্র করে আজীবন শাস্তি প্রদান করায় ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে ঐ অগণতান্ত্রিক সিদ্ধান্ত প্রত্যাহার করে শিক্ষকদেরকে চলতি এসএসসি পরীক্ষায় পরিদর্শকের দায়িত্ব পালনের সুযোগ দাবী করেছে।

১৯৯৬ সালে এসএসসি পরীক্ষার সেট কোডে বৃত্ত ভরাটে পরীক্ষার্থীরা ভুল করায় প্রায় এক হাজার পরীক্ষার্থী অকৃতকার্য হয়। পরবর্তীতে আন্দোলনের মুখে তাদেরকে কৃতকার্য ঘোষণা করা হয়। কিন্তু ঐ ঘটনায় কোন রকম আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্রের পরিদর্শক প্রায় ১ হাজার শিক্ষককে আজীবন শাস্তিস্বরূপ পরিদর্শক হিসেবে নিয়োগ না করার সিদ্ধান্ত নেয়া হয়। তৎকালীন সরকারের ঐ সিদ্ধান্ত অদ্যাবধি বহাল রয়েছে। এতে শিক্ষক সমাজে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। শিক্ষক নেতৃবৃন্দ অবিলম্বে উক্ত অগণতান্ত্রিক সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানিয়েছেন।